

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৬

উদয়পুর, ৪ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
গোমতী জেলায় সাধারণ পর্যবেক্ষকের সভাপতিত্বে সভা

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের দায়িত্বপ্রাপ্ত সাধারণ পর্যবেক্ষক ভূপেশ চৌধুরীর সভাপতিত্বে  
আজ গোমতী জেলার জেলাশাসকের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সাধারণ  
পর্যবেক্ষক ভূপেশ চৌধুরী নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিষয় নির্বাচন কমিশনের বিধি অনুযায়ী সম্পন্ন  
করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। এছাড়া সভায় পুলিশ পর্যবেক্ষক আর শিবকুমারও নির্বাচন  
সংক্রান্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এদিনের সভায় উপস্থিত ছিলেন জেলা নির্বাচনের  
আধিকারিক তথা জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, এআরওগণ, নোডাল অফিসারগণ ও নির্বাচনের  
কাজে যুক্ত অন্যান্য আধিকারিকগণ।

\*\*\*\*\*